



কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১।
www.sca.gov.bd



স্মারক নং ১২.০৪.০০০০.০১০.৯৯.০০১.২৫. ১৭১৮

তারিখ: ০৫/১০/২০২৫ খ্রি.

প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বীজ প্রত্যয়ন এজেন্সী, সদর দপ্তর, গাজীপুরের কন্ট্রোল খামারে রবি/২০২৫-২৬ মৌসুমে বোরো ধানের গ্রো-আউট টেস্টের ট্রায়াল প্লট হতে প্রাপ্ত বিভিন্ন জাতের মিশ্রিত ১৪,১৭৬ (চৌদ্দ হাজার একশত ছিয়াত্তর) কেজি বোরো ধান এবং খরিফ-১/২০২৫-২৬ মৌসুমে আউশ ধানের প্রি-পোস্ট কন্ট্রোল গ্রো-আউট টেস্ট হতে প্রাপ্ত বিভিন্ন জাতের মিশ্রিত ১২৩৩ (এক হাজার দুইশত তেরিশ) কেজি আউশ ধান প্রকাশ্য নিলামে বিক্রয়ের জন্য প্রকৃত ক্রেতা/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নলিখিত শর্তে নিলাম ডাকের আহ্বান করা যাচ্ছে। উক্ত নিলাম ডাক আগামী ১৫/১০/২০২৫ তারিখ বেলা ১১.০০ টায় বীজ প্রত্যয়ন এজেন্সী, সদর দপ্তর, গাজীপুরের কন্ট্রোল খামার ভবনে অনুষ্ঠিত হবে।

প্রকাশ্য নিলাম ডাক নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করা হবে:

- ১। নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে ক্রেতা/ব্যবসায়ী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ আয়কর সার্টিফিকেটের সত্যায়িত কপি, TIN সার্টিফিকেটের সত্যায়িত কপি, NID কার্ডের সত্যায়িত কপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত এক কপি ছবি জমা দিয়ে ডাকে অংশ নিতে হবে।
- ২। নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে জামানত হিসেবে ৫০০০/ (পাঁচ হাজার) টাকা সরাসরি জমা দিয়ে ডাকে অংশ নিতে হবে। নিলাম ডাকে অংশগ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ ডাক দাতা ব্যতীত অন্যদের জামানতের টাকা ফেরত প্রদান করা হবে এবং সর্বোচ্চ ডাক দাতার জামানতের টাকা পণ্য মূল্যের সাথে সমন্বয় করা হবে।
- ৩। ট্রেড লাইসেন্সধারীকে নিজেই উপস্থিত থেকে ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ৪। সফল বিবেচিত নিলাম ডাক দাতাকে সরকারি বিধি মোতাবেক মুসক ও আয়করসহ ডাকে উল্লিখিত সমুদয় টাকা কার্যাদেশ প্রাপ্তির তিন কার্যদিবসের মধ্যে চালানের মাধ্যমে জমা প্রদানপূর্বক চালানের মূল কপি সভাপতি, নিলাম কমিটির নিকট জমা দিতে হবে। অন্যথায় তার নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে।
- ৪। সর্বোচ্চ/সফল বিবেচিত নিলাম ডাক দাতাকে নিজ খরচে ধানের সরবরাহ নিতে হবে।
- ৫। কার্যাদেশ প্রদানের পর কার্যাদেশে বর্ণিত সময়ের মধ্যে ধানের সরবরাহ গ্রহণ করতে হবে। ধান সরবরাহ নিতে বিলম্ব হলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে, সেক্ষেত্রে কোন ধরনের আপত্তি কর্তৃপক্ষ গ্রহণ করবে না।
- ৬। নিলাম কর্তৃপক্ষ যে কোন সময় নিলাম ডাক গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
মো: রফিকুল ইসলাম
পরিচালক
ফোনঃ ৪৯২৭২২০০
director@sca.gov.bd

স্মারক নং-১২.০৪.০০০০. ০১০.৯৯.০০১.২৫ ১৭১৮

তারিখঃ ০৬/১০/২০২৫ খ্রি.।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রশাসক, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
- ৪। মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নোটা), গাজীপুর।
- ৫। অতিরিক্ত পরিচালক, (প্রশাসন ও অর্থ) বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
- ৬। অধ্যক্ষ, এটিআই, গাজীপুর।
- ৭। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৮। পুলিশ সুপার, গাজীপুর।
- ৯। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাজীপুর।
- ১০। উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর। আপনাকে নিলাম বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর।
- ১২। জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, গাজীপুর।
- ১৩। জেলা মৎস্য অফিসার, গাজীপুর।
- ১৪। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গাজীপুর।
- ১৫। অতিরিক্ত উপপরিচালক (প্রশাসন ও অর্থ), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
- ১৬। অতিরিক্ত উপপরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর। আপনাকে নিলাম বিজ্ঞপ্তি বীজ প্রত্যয়ন এজেন্সীর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৭। নোটিশ বোর্ড, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।

মো: নুরুজ্জামান
অতিরিক্ত পরিচালক
(মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং)
ও
সভাপতি, নিলাম কমিটি